

অনুপস্থিতির নোট এবং বিজ্ঞপ্তি পূরণ করা

পিতামাতা এবং সেবাপ্রদানকারীদের জন্য তথ্য

আপনি কি জানেন? ছাত্র/ছাত্রীরা যদি স্কুল টার্মের আট দিন স্কুল বাদ দেয়, প্রাথমিক স্কুল শেষ হওয়ার পর তাদের এক বছরের শিক্ষা বাদ যাবে।

ছাত্র/ছাত্রীর উপস্থিতির সঠিক রেকর্ড রাখার জন্য অধ্যক্ষ আইনগতভাবে দায়ী।

অনুপস্থিতির কারণ যুক্তিসঙ্গত কিনা তার সিদ্ধান্তের জন্যও অধ্যক্ষ দায়ী।

যেখানেই সম্ভব, অনুপস্থিত হওয়ার পূর্বেই অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করার জন্য পিতামাতা এবং সেবাপ্রদানকারীগণকে উৎসাহিত করা হচ্ছে।

স্কুলে অনুপস্থিতির অনুরোধের উপর পিতামাতাদেরকে প্রশ্ন করার অধিকার স্কুল অধ্যক্ষের রয়েছে। স্কুল থেকে অনুপস্থিতির জন্য দেয়া ব্যাখ্যা নিয়ে প্রশ্ন করার অধিকারও অধ্যক্ষের আছে।

অনুপস্থিতির ব্যাখ্যা প্রদান করতে পিতামাতা এবং সেবাপ্রদানকারীগণ:

- স্কুলে নোট, ফ্যাক্স বা ই-মেইল পাঠাতে পারেন
- স্কুলে ফোন করুন, অথবা
- স্কুলে যেতে পারেন।

দ্বিভাষিক অনুপস্থিতির নোট

আপনার শিশুর অনুপস্থিতির তথ্য স্কুলকে জানাতে সহায়তা প্রদানে তিনটি দ্বিভাষিক অনুপস্থিতির নোট আছে।

Absentee note 1 (অনুপস্থিতির নোট 1)
যখন শিশু পুরো এক দিন অনুপস্থিত থাকবে তখন এই নোট ব্যবহার করা উচিত।

Absentee note 2 (অনুপস্থিতির নোট 2)
যখন শিশু একের অধিক দিন অনুপস্থিত থাকবে তখন এই নোট ব্যবহার করা উচিত।

Absentee note 3 (অনুপস্থিতির নোট 3)
যখন শিশু দিনের এক অংশবিশেষ অনুপস্থিত থাকবে তখন এই নোট ব্যবহার করা উচিত।

অনুপস্থিতির বিজ্ঞপ্তি

স্কুল যদি শিশুর অনুপস্থিতির ব্যাখ্যা না পেয়ে থাকে তাহলে তারা আপনাকে Absentee Notice (অনুপস্থিতির বিজ্ঞপ্তি) পাঠাতে পারে।

অব্যখ্যাকৃত অনুপস্থিতির দুই দিনের মধ্যে অধ্যক্ষ পিতামাতাদের সাথে যোগাযোগের জন্য Absentee Notice ব্যবহার করেন। Absentee Notice অবশ্যই ইংরেজীতে পূরণ করতে হবে এবং অনুপস্থিতির কারণসহ সাত স্কুল দিবসের মধ্যে স্কুলে ফেরত পাঠাতে হবে।

অনুপস্থিতির বিস্তারিত পূরণ করা

অনুপস্থিতির নোট এবং অনুপস্থিতির বিজ্ঞপ্তির অংশ আপনার শিশুর অনুপস্থিত বা অংশবিশেষ অনুপস্থিতির বিস্তারিত বর্ণনা দিতে বলবে।

স্কুলকে প্রদেয় কারণসমূহ বুঝার জন্য, এই অংশটি ইংরেজীতে পূরণ করা উচিত। এই লিফ্লেটে সম্ভাব্য কারণসমূহ দেয়া হয়েছে এবং ফর্মে কপি করতে আপনার জন্য ইংরেজীতে অনুবাদ করা হয়েছে, যদি প্রয়োজন হয়।

আপনার যদি অনুপস্থিতির নোট বা অনুপস্থিতির বিজ্ঞপ্তি অথবা বিস্তারিত পূরণ করার ব্যাপারে বুঝতে সমস্যা হয়, তাহলে আপনার শিশুর অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করতে আপনি স্কুলে ফোন করতে পারেন। যদি স্কুলে ফোন করেন, সেক্ষেত্রে আপনাকে লিখিত নোটও পূরণ করতে হবে না।

টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনার শিশুর স্কুলের সাথে যোগাযোগ করতে আপনাকে সাহায্য করার জন্য যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে 131 450 নাম্বারে টেলিফোন দোভাষী সেবাব্যবস্থায় ফোন করুন এবং আপনার ভাষার একজন দোভাষীর জন্য অনুরোধ করুন। দোভাষী স্কুলে ফোন করবে এবং ফোন লাইনে থেকে আপনার আলোচনায় আপনাকে সহযোগীতা করবে। আপনাকে এই সেবাব্যবস্থার জন্য কোন ফি দিতে হবে না।

অনুপস্থিতির জন্য সম্ভাব্য কারণসমূহ

মেডিকেল কারণ:

- সর্দি জ্বর
- পেট-ব্যথা
- উদরাময়
- ঠান্ডা
- মাথা ব্যথা/মাইগ্রেন
- প্রচন্ড ব্যথা
- জ্বর
- ভাঙ্গা অস্থি/হাঁড়
- বমি
- সংগমক ব্যাধি যেমন জল বসন্ত
- নাকে রক্ত
- হাঁপানি
- গোটা
- জখম
- মেডিকেল সাক্ষাতসূচী
- দন্ত সাক্ষাতসূচী
- চক্ষু সাক্ষাতসূচী
- মনোচিকিৎসা সাক্ষাতসূচী
- বিশেষজ্ঞ সাক্ষাতসূচী
- অন্যান্য- আমি ব্যাখ্যা করতে স্কুলে ফোন করবো

পারিবারিক কারণ:

- অন্ত্যেষ্টিনিয়া
- বাসা পরিবর্তন করা
- বিদেশ থেকে নিকট আত্মীয় আসা বা চলে যাওয়া
- জরুরী পারিবারিক ঘটনায় অনিবার্যভাবে জড়িয়ে পরা
- অন্যান্য- আমি ব্যাখ্যা করতে স্কুলে ফোন করবো

অন্য কারণ:

- দুর্ভাগ্য এবং অদৃষ্টপূর্বক ঘটনা যেমন আগুন, বন্যা
- বিশেষ অনুষ্ঠানে অংশগ্রহণ করা, যেমন ধর্মীয় কোন অনুষ্ঠানে যোগদান করা
- পারিবারিক ছুটি
- পরিবহনজনিত সমস্যা
- অনিচ্ছাকৃত দেরী
- অন্যান্য- আমি ব্যাখ্যা করতে স্কুলে ফোন করবো

Possible reasons for absence

Medical reason:

- Flu
- Stomach-ache
- Diarrhoea
- Cold
- Headache/Migraine
- Strong pain
- Fever
- Broken bone
- Vomiting
- Infectious illness eg chicken pox
- Nose bleed
- Asthma
- Rash
- Injury
- Medical appointment
- Dental appointment
- Optometry appointment
- Physiotherapy appointment
- Specialist appointment
- Other - I will telephone the school to explain

Family reason:

- Funeral
- Moving residence
- Arrival or departure of an immediate relative from overseas
- Unavoidable involvement in a serious family incident
- Other - I will telephone the school to explain

Other reason:

- Misadventure and unforeseen events eg fire, flood
- Participation in special event, eg attendance at a religious ceremony
- Family holiday
- Transport difficulty
- Unavoidable delay
- Other - I will telephone the school to explain